বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৮ সালের ৯ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০১৮

সভার সময় : বিকাল ০২:৩০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি)

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে ৪র্থ উন্নয়ন মেলা (৪-৬ অক্টোবর ২০১৮) ও 1st Policy Dialogue এর অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রোগ্রাম ২টি সফল করার জন্য সকলকে আন্তরিকতার সাথে কাজ করার নির্দেশনা দেয়া হয়। অত:পর সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কে বলা হয়। পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৮.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত ৮ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৮.০৮.২০১৮ তারিখে অনুষ্ঠিত ৮ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/মতামত না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।
২	প্রবিধানমালা সংশোধন	প্রবিধানমালার বিধি অংশের সংশোধন করা হয়েছে। রেক্টর মহোদয়ের মতামত/পরামর্শ গ্রহণপূর্বক প্রবিধানমালা চূড়ান্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবিধানমালা সংশোধন কমিটি রেক্টর মহোদয়ের মতামত/ পরামর্শ নিয়ে প্রবিধানমালা চূড়ান্ত করবে। বাস্তবায়নে: এমডিএস (পিএন্ডএস)/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	রেক্টর মহোদয়ের মতামত/পরামর্শ গ্রহণপূর্বক বিদ্যমান জনবল কাঠামোর মধ্যে থেকেই অর্গানোগ্রাম হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	অর্গানোগ্রাম হালনাগাদকরণ কমিটি রেক্টর মহোদয়ের মতামত/পরামর্শ নিয়ে অর্গানোগ্রাম হালনাগাদ করবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি)/ পরিচালক (প্রশাসন)

৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে। অক্টোবর ২০১৮ মাসের মধ্যে তৃতীয় ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের জন্য তারিখ ও সময় চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে অক্টোবর ২০১৮ মাসের মধ্যে ত্রি-পক্ষীয় অডিট কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (অর্থ)
৫	বকেয়া কোর্স ফি আদায়	ক) বকেয়া কোর্স ফি আদায়ে কোর্স ম্যানেজমেন্ট সচেষ্ট রয়েছে মর্মে সভায় জানানো হয়।	ক) কোর্স চলাকালীন কোর্স ম্যানেজমেন্টকে বকেয়া কোর্স ফি আদায়ের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: কোর্স ম্যানেজমেন্ট/ উপপরিচালক (অর্থ)
		খ) ২৮ আগস্ট ২০১৮ পর্যন্ত পুরাতন বকেয়া কোর্স ফির পরিমাণ ৫,১৬,০০০/- টাকা এবং নতুন বকেয়া কোর্স ফির পরিমাণ ১২,১৪,৫০০/- টাকা । সেপ্টেম্বর ২০১৮ মাসে কোন বকেয়া কোর্স ফি আদায় হয়নি। বকেয়া কোর্স ফি আদায়ের জন্য মন্ত্রণালয় ভিত্তিক পত্র প্রেরণ করা হয়েছে। যাদের কাছে বেশি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে কোর্স ফি আদায় কার্যক্রম তরান্বিত করার বিষয়ে সভায় আলোচনা হয়।	খ) নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ের জন্য মন্ত্রণালয়ভিত্তিক পত্র যোগাযোগ অব্যাহত রাখতে হবে। যাদের কাছে বেশি পাওনা আছে তাদের সাথে সরাসরি যোগাযোগ করে কোর্স ফি আদায় তরান্বিত করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (অর্থ)
৬	ই-নথি কার্যক্রম	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত আছে। ডাক থেকে সৃজিত নোটের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। পত্র জারির সংখ্যা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়।	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। নোট এবং পত্র জারির সংখ্যা আরো বাড়াতে হবে। প্রয়োজনে ই-মেইলেও জারি করা যাবে। হার্ডকপি কমাতে হবে। বাস্তবায়নে: সকল শাখা প্রধান
		খ) সার্বক্ষণিক ইন্টারনেট চালু রাখার জন্য BTCL এর সাথে যোগাযোগ অব্যাহত আছে। সম্প্রতি ১৫০ হতে ৩৫০ MBPS বৃদ্ধি করা হয়েছে। বিকল্প ইন্টারনেট ব্যবস্থার জন্য ১০০ MBPS bandwidth এর জন্য ৩০.০৯.১৮ তারিখে ই-জিপিতে টেন্ডার উন্মুক্ত করা হয়েছে। সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ চালু রাখার জন্য BTCL থেকে ১৫০ MBPS bandwidth এবং ২০০ MBPS bandwidth সংযোগ দু'টি ভিন্ন সঞ্চালন লাইন হতে নেয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	খ) ইন্টানেরট সংযোগ সার্বক্ষণিক চালু রাখার জন্য ১৫০ MBPS bandwidth এবং ২০০ MBPS bandwidth দু'টি ভিন্ন সঞ্চালন ব্যবস্থা থেকে সংযোগ নেয়ার জন্য BTCL এর মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করতে হবে। BTCL এর বিকল্প প্রতিষ্ঠান থেকে ইন্টারনেট সংযোগ নিতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ: দা:)

৭	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	e-GP-র মাধ্যমে ক্রয় কার্যক্রম অব্যাহত আছে। ২০১৮-২০১৯ অর্থবছরে e-GP-র মাধ্যমে ইতোমধ্যে ১টি টেন্ডার আহবান করা হয়েছে। অন্যান্য ক্রয় কার্যক্রম e-GP-তে সম্পন্ন করার ব্যবস্থা নেয়া হয়েছে। e-GP পদ্ধতিতে ক্রয় কার্যক্রম আরো বৃদ্ধি করার বিষয়ে সভায় আলোচনা হয়।	e-GP পদ্ধতিতে ক্রয় কার্যক্রম বৃদ্ধি করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (সেবা)
৮	ওয়েবসাইট আপডেটকরণ	কেন্দ্রের সকল শাখার প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিপিএটিসি'র ওয়েবসাইট হালনাগাদ কার্যক্রম অব্যাহত আছে। বিপিএটিসি'র ওয়েবসাইট লিংকে আঞ্চলিক কেন্দ্রসমূহের তথ্যাদি আপডেট করা হচ্ছে। বিপিএটিসি'র ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ করে নতুন/পুরাতন সকল কোর্সের কোর্স গাইডলাইন এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি দিয়ে ওয়েবসাইট আপডেট রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	কেন্দ্রের ওয়েবসাইট প্রতিনিয়ত পর্যবেক্ষণ করতে হবে। নতুন/পুরাতন সকল কোর্সের কোর্স গাইডলাইন আপলোড করতে হবে এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি দিয়ে কেন্দ্রের ওয়েবসাইট ও আঞ্চলিক কেন্দ্রসমূহের লিংক আপডেট রাখতে হবে এবং Track রেকর্ড থাকতে হবে। বাস্তবায়নে: সিস্টেম এনালিস্ট (অ.দা.)
৯	আরপিএটিসিসমুহের পুরাতন মাইক্রোবাস প্রতিস্থাপন	রাজশাহী আরপিএটিসি'র মাইক্রোবাস প্রতিস্থাপন বিষয়ে ৩০.০৮.২০১৮ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। খুলনা ও চট্টগ্রাম আরপিএটিসি'র মাইক্রোবাস নিলামে বিক্রয়ের জন্য ৩য় দফা দরপত্র আহবান করা হয়েছে। কিন্তু কোন দরপত্র পাওয়া যায়নি। তাই পুনরায় মূল্য নির্ধারণের জন্য কেন্দ্রে কনডেমনেশন কমিটিতে প্রেরণ করা হয়েছে মর্মে আলোচনা হয়।	রাজশাহী আরপিএটিসি'র মাইক্রোবাস প্রতিস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ্য অব্যাহত রাখতে হবে। খুলনা ও চট্টগ্রাম আরপিএটিসি'র মাইক্রোবাস নিলামে বিক্রির জন্য প্রাক্কলিত মূল্য যাচাই ও পুনর্নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) এবং উপপরিচালক (সেবা)
১০	বাৎসরিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন	ক) APA বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। পিপিআর অনুবিভাগ APA বাস্তবায়ন অগ্রগতির প্রথম কোয়ার্টার এর প্রতিবেদন সংগ্রহ করে পর্যালোচনা করছে। APA বাস্তবায়নের জন্য প্রত্যেক অনুবিভাগ প্রধানকে অনুরোধ জানানো হয়। আগামী দুই সপ্তাহ পরে APA বাস্তবায়নে বিষয়ে মনিটরিং সভা অনুষ্ঠিত হবে মর্মে আলোচনা হয়। খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের APA বাস্তবায়নের জন্য মনিটরিং করা হচ্ছে। প্রথম ত্রৈমাসিকে APA বাস্তবায়ন অগ্রগতি ১১৪% মর্মে সভায় আলোচনা হয়।	ক) প্রত্যেক অনুবিভাগ প্রধানকে যথাসময়ে APA বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে ২ সপ্তাহ পরে মনিটরিং সভা অনুষ্ঠিত হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)/সকল বিভাগ/অনুবিভাগ/অধিশাখা খ) আঞ্চলিক কেন্দ্রসমূহের সাথে ২০১৮-২০১৯ অর্থবছরের স্বাক্ষরিত APA বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত পর্যালোচনা করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (এসটিএন্ডআরটিস) এবং উপপরিচালক আঞ্চলিক কেন্দ্র (সকল)